

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২০৬৯

২২/ নিষিদ্ধ কার্যাবলী

পরিচ্ছেদঃ নির্দিষ্ট ব্যক্তি বা প্রাণীকে অভিসম্পাত করা নিষিদ্ধ

আরবী

وَعَنْ أَبِي بَرْزَةَ نَصْلَةَ بْنِ عُبَيْدِ الْأَسْلَمِيّ قَالَ: بَيْنَمَا جَارِيَةٌ عَلَى نَاقَةٍ عَلَيْهَا بَعْضُ مَتَاعِ القَوْمِ إِذْ بَصُرَتْ بِالنَّبِيِّ وَتَضَايَقَ بِهِمُ الجَبَلُ فَقَالَتْ: حَلْ اللَّهُمَّ الْعَنْهَا فَقَالَ النَّبِيُّ وَتَضَايَقَ بِهِمُ الجَبَلُ فَقَالَتْ: حَلْ اللَّهُمَّ الْعَنْهَا فَقَالَ النَّبِيُّ وَتَضَايَقَ بِهِمُ الجَبَلُ فَقَالَتْ: حَلْ اللَّهُمَّ الْعَنْهَا فَقَالَ النَّبِيُّ وَتَضَاعِبُنَا نَاقَةٌ عَلَيْهَا لَعْنَةٌ رواه مسلم

বাংলা

(২০৬৯) আবূ বারয়াহ নায়লাহ ইবনে উবাইদ আসলামী বলেন, একবার এক যুবতী মহিলা একটি উটনীর উপর সওয়ার ছিল। আর তার উপর লোকেদের (সহ্যাত্রীদের) কিছু আসবাব-পত্র ছিল। ইত্যবসরে মহিলাটি নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম কে প্রত্যক্ষ করল। আর লোকেদের জন্য পার্বত্য পথটি সংকীর্ণ বোধ হল। মহিলাটি উটনীকে (দ্রুত গতিতে চলাবার উদ্দেশ্যে) বলল, 'হাঃ! হে আল্লাহ! এর উপর অভিশাপ কর।' তা শুনে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ঐ উটনী যেন আমাদের সাথে না থাকে, যাকে অভিশাপ করা হয়েছে। (মুসলিম ৬৭৭১-৬৭৭২)

ফুটনোট

জেনে রাখুন যে, দৃশ্যতঃ এই হাদীসের অর্থের ব্যাপারে জটিলতা দেখা দিতে পারে। অথচ এতে কোন জটিলতা নেই। কারণ, এর মমার্থ হল যে, উটনীটিকে অভিশাপ করা হয়েছে, অতএব তা যেন তাঁদের সাথে না থাকে। এর মানে এই নয় যে, উটনীটিকে যবেহ করা, বিক্রি করা, তার উপর আরোহণ করা ইত্যাদি নিষেধ। বরং এ সকল তথা অন্য সমস্ত প্রকার উপকার তার দ্বারা গ্রহণ করা বৈধ। যা নিষিদ্ধ হল, তা নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাফেলায় থাকা। সুতরাং তা ব্যতীত অবশিষ্ট দিকগুলি পূর্ববৎ বৈধ থাকবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন